# অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগ ও সংস্থার কার্যাবলীঃ হিসাব মহা-নিয়ন্ত্রক এর কার্যালয়

হিসাব মহা-নিয়ন্ত্রক এর কার্যালয় তার অধীনস্থ প্রধান হিসাবরক্ষণ অফিস, ডিভিশনাল কম্পট্রোলার অব একাউন্টস অফিস, জেলা হিসাবরক্ষণ অফিস এবং উপজেলা হিসাবরক্ষণ অফিস হতে প্রাপ্তি ও ব্যয়/পরিশোধের মাসিক হিসাব এবং বাংলাদেশ রেলওয়ে, প্রতিরক্ষা বিভাগ ও বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্তি ও ব্যয়/পরিশোধের মাসিক হিসাব একত্রিত করে মাসিক হিসাব প্রণয়নপূর্বক অর্থ বিভাগে প্রেরণ করে থাকে। এছাড়া মাসিক হিসাবের উপকরণের উপর ভিত্তি করে অর্থবছর শেষে আর্থিক হিসাব ও উপযোজন হিসাব প্রণয়ন করাও এ কার্যালয়ের দায়িত্ব। উল্লেখ্য, প্রজাতন্ত্রের সরকারি হিসাব সংরক্ষণের সার্বিক দায়িত্ব এ কার্যালয়ের উপর ন্যস্ত। প্রজাতন্ত্রের কর্মচারিগণের বেতন-ভাতাদি, পেনশন, জিপিএফ, ঋণ ও অগ্রিম এবং প্রকল্পের ব্যয়সহ সকল দাবী নিষ্পত্তি হিসাব মহা-নিয়ন্ত্রক এর আওতাধীন হিসাবরক্ষণ অফিসসমূহের মাধ্যমে করা হয়। ২০২০-২১ অর্থবছরে হিসাব মহা-নিয়ন্ত্রক এর কার্যালয় কর্তৃক গৃহীত কার্যক্রম নিম্নে উল্লেখ করা হলোঃ

**২০২০-২১ অর্থবছরের অগ্রগতি ও সম্পাদিত কার্যক্রমসমূহঃ**

- সরকারি অর্থ প্রদানের আদেশ চেক লেখার পরিবর্তে Electronic Fund Transfer (EFT)-এর মাধ্যমে সরাসরি গ্রাহকের ব্যাংক একাউন্টে প্রেরণ এবং গ্রাহককে স্বয়ংক্রিয়ভাবে SMS করে জানিয়ে দেয়ার বিদ্যমান ব্যবস্থাকে সকল সরকারি কর্মচারী ও পেনশনারসহ সমাজিক সুরক্ষা নেটওয়ার্ক-ভূক্তদের জন্য সম্প্রসারণে iBAS- ভিত্তিক ইউজার সাপোর্ট কার্যক্রমে কারিগরি সহায়তা প্রদান করা হয়ে থাকে;
- মুজিব শতবর্ষে শতভাগ পেনশন ইএফটির মাধ্যমে সকল বেসামরিক পেনশনারদের (প্রতিরক্ষা ও রেলওয়ে ব্যতিত) পেনশন সরাসরি পেনশনারদের ব্যাংক হিসাবে প্রদান করার প্রক্রিয়া চূড়ান্ত ভাবে সম্পন্ন করা হয়েছে। মাঠ পর্যায়ে হিসাবরক্ষণ অফিস হতে পেনশন গ্রহণকারী পেনশনারদেরকে পর্যায়ক্রমে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট হতে ইএফটি'র মাধ্যমে পেনশন প্রদান করার কার্যক্রম চলমান রয়েছে;
- বর্তমানে সিজিএ কার্যালয়ের আওতাধীন পেনশনার (বেসামরিক ১০০%) ইএএফটির মাধ্যমে পেনশন প্রদান করা হয়ে থাকে;
- সিজিএ কার্যালয়ের আওতাধীন সকল হিসাবরক্ষণ অফিসসমূহে গেজেটেড সরকারি কর্মকর্তা ও নন-গেজেটেড/ কর্মচারীর মাসিক বেতন ভাতার বিল EFT এর মাধ্যমে পরিশোধ করা হয়েছে;
- এ কার্যালয়ের নিয়ন্ত্রনাধীন সকল হিসাবরক্ষণ কার্যালয় কর্তৃক সংশ্লিষ্ট মন্ত্রণালয়,বিভাগ,দপ্তর পরিদপ্তরে কর্মরত সকল কর্মকর্তাগণ online এ বেতন ভাতার বিল সাবমিট এবং নন-গেজেটেড কর্মচারীদের বেতন ভাতার বিল ডিডিও মডিউল এর মাধ্যমে সাবমিট করা হলে EFT এর মাধ্যমে তাদের ব্যাংক হিসাবে পরিশোধ করা হয়। এ প্রক্রিয়ায় ১০,৩৪,০০০ জন কর্মকর্তা/কর্মচারীর বেতন ভাতা EFT কাভারেজ এর আওতায় আনা হয়েছে। বাকীদের এ প্রক্রিয়ায় আনার কার্যক্রম চলমান রয়েছে,
- সকল গেজেটেড, নন-গেজেটেড কর্মকর্তা,কর্মচারীদের GPF এর স্থিতি Approve করার কাজ চলমান রয়েছে । এ কাজ চূড়ান্ত ভাবে সম্পন্ন করা হলে একজন সরকারি কর্মকর্তা তাঁর মাসিক বেতন বিলে জিপিএফ এ কর্তনকৃত মাসিক চাঁদা ও অগ্রিম, পূর্ববর্তী বছরের ব্যালেন্সএবং সুদ প্রদান সম্পর্কিত তথ্যাদি অনলাইনে জানতে/দেখতে পারবেন এবং জুন মাসের বার্ষিক হিসাব বিবরণী অনলাইন হতে প্রিন্ট গ্রহণ করতে পারবেন । ইতমধ্যে ৮,০৭,০০০ জন কর্মকর্তা/কর্মচারীর জিপিএফ তথ্য অনলাইনে হালনাগাদ করা হয়েছে;

- ই-চালান পোর্টাল এর আওতায় জনসেবা প্রদানের লক্ষ্যে পাসপোর্ট ফি, পুলিশ ক্লিয়ারেন্স ফি ও জাতীয় পরিচয়পত্র ফি অটোমেশনের মাধ্যমে পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং এর সাথে বর্তমানে A- Chalan (Automated chalan) কার্যক্রম শুরু হয়েছে। এ প্রক্রিয়ায় সকল ব্যাংক এর মাধ্যমে সরকারি রাজস্বসহ অন্যান্য জমা গ্রহন করা হচ্ছে;
- সামাজিক নিরাপত্তা বেষ্টনী সেবাসমূহ যেমন-মুক্তিযোদ্ধা ভাতা, বয়স্ক ভাতা, বিধবা ভাতা, মাতৃত্ব ভাতা, প্রতিবন্ধী ভাতা ইত্যাদি ভাতার সংশ্লিষ্ট সুবিধাভোগীর ব্যাংক হিসাবে অটোমেশনের মাধ্যমে পরিশোধ করা হচ্ছে। ৩০ জুন, ২০২১খ্রি. পর্যন্ত সামাজিক নিরাপত্তা বেষ্টনী সেবার আওতায় মোট ২,৬৩,৭৭,০০০ জন ইএফটি কভারেজ আওতায় আনা হয়েছে;
- দাতা সংস্থার চাহিদার প্রেক্ষিতে iBAS++সফটওয়ারে BACS এর নতুন শ্রেণী বিন্যাস অনুযায়ী সকল পরিশোধের আন্তর্জাতিক মানের আর্থিক প্রতিবেদন উপস্থাপন করা করা হচ্ছে;
- স্বায়িত্বশাসিত প্রতিষ্ঠানের তহবিল ছাড়করণের জন্য Personal ledger Accounant (P/L A/C)চালুকরণ আইবাস++ সিস্টেমে এর প্রয়োজনীয় নিয়ন্ত্রন স্থাপন করা হয়েছে;
- ইতোমধ্যেই ৫০ টি সিএএফও- তে ওয়েবসাইট চালু করা হয়েছে, যা সিজিএ ওয়েবসাইটের গুরুত্বপূর্ণ লিংক সমূহে সংযুক্ত করা হয়েছে ।



মহামান্য রাষ্ট্রপতির সাথে অর্থ সচিব